দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 MAR 2009
পৃষ্ঠা ... কলাম ...



ইনকিলাব : বেতন ও আনুষঙ্গিক ফি বৃদ্ধির প্রতিবাদ ও ভারপ্রাপ্ত প্রিন্সিপাল খালেদা হাবীবের পদত্যাগের দাবীতে গতকাল উদয়ন স্কুলের অভিভাবকরা রাস্তা অবরোধ করে রাখে। এ সময় এক পর্যায়ে শিক্ষক ও অভিভাবকদের মধ্যে হাতাহাতি হয় (ইনসেটে)

*অভিভাবকদের উদ্যোগ*

# বেতন ও ফি বাড়ানোর প্রতিবাদে উদয়ন স্কুলে ধর্মঘটের ডাক

স্টাফ রিপোর্টার

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বেতন ও অন্যান্য ফি বৃদ্ধির প্রতিবাদে লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছেন বিদ্যালয় সংশ্লিষ্ট অভিভাবকরা। এর প্রেক্ষিতে গতকাল সকাল থেকেই কোনো ক্লাস-পরীক্ষা হয়নি। শুধু এসএসসি পরীক্ষার্থীদের ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত হয়। অভিভাবকদের অভিযোগ- পৃঃ ১২ কঃ ৪

## অভিভাবকদের উদ্যোগ

১৬-এর পৃষ্ঠার পর

উদয়ন স্কুলে আগে শিক্ষার্থীদের মাসিক বেতন ছিল ৩৫০ টাকা, যা বাড়িয়ে ৪৭০ টাকা করা হয়েছে। পরীক্ষার ফি নেয়া হয় ৩০০ করে মোট ৯০০ টাকা, যা আগে নেয়াই হতো না। পুনঃ ভর্তি ফি নেয়া হয় ১০০০ টাকা, সিলেবাস, ডায়েরি ইত্যাদি বাবদ নেয়া হয় ২০০ টাকা, যা আগে ছিল ১০০ টাকা, উন্নয়ন ফি নেয়া হয় ১০ হাজার টাকা। অভিভাবকদের অভিযোগ- ৪ বছরে বিদ্যালয়ের কোনো উন্নয়ন হয়নি।

আন্দোলনরত অভিভাবক কমিটির আহ্বায়ক আবুল কালাম আজাদ বলেন, আমরা আমাদের দাবীর কথা জানিয়ে শিক্ষামন্ত্রী, স্থানীয় সংসদ সদস্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষের কাছে স্মারকলিপি প্রদান করি। কিন্তু তাতেও কোনো কাজ না হলে লাগাতার ধর্মঘটের পথ বেছে নেই।